

বিষয়ঃ উদ্ভাবনী উদ্যোগ গ্রহন/বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন।

ক্রমিক নং	উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি	বর্ণনা/ব্যাখ্যা
০১	উদ্ভাবনী উদ্যোগের নামঃ	চান্দিনা উপজেলার মাধ্যমিক পর্যায়ের পিছিয়েপরা পাঁচটি প্রতিষ্ঠান নিয়ে “Center 4 Sustainable Learning” হিসেবে প্রতিষ্ঠা করা, যেখানে curriculum , co-curricular Activities, ICT ও ethics সম্পর্কে পূর্ণাঙ্গ শিক্ষা প্রদান নিশ্চিত করা হবে।
০২	শুরুর তারিখঃ	০১/০১/২০২৪ ইং
০৩	বাস্তবায়ন প্রক্রিয়াঃ	<p>০১) শ্রেণি কার্যক্রমঃ নিয়মিত মনিটরিং এর মাধ্যমে শিক্ষন পদ্ধতির যথাযথ ব্যবহার নিশ্চিত করা হবে, প্রয়োজনে প্রশিক্ষনের ব্যবস্থা করা হবে। শ্রেণিকার্যক্রমে পরিবর্তন আনা যেমন, ইংরেজী ক্লাশ অবশ্যই <b>Complete English Communicating class</b> হবে। গণিত ও ইংরেজী ক্লাসে উপকরণ ব্যবহার করা হবে।</p> <p>০২) Discussion Program : গণিত ও ইংরেজী বিষয়ের উপর মাসের ১ম ও ৩য় সপ্তাহের বৃহস্পতিবার শ্রেণিকার্যক্রম শেষে Discussion ক্লাশ হবে সকল শ্রেণির অংশগ্রহণে। গণিত ও ইংরেজী বিষয়ের মৌলিক বিষয় / basic নিয়ে আলোচনা , মতবিনিময়, কুইজ, মাইন্ডম্যাপিং, গেম , প্রতিযোগিতা প্রভৃতির মাধ্যমে ভীতি দূর করার সাথে সাথে শিক্ষার্থীর basic concepts/confusion clear হবে। গণিত ও ইংরেজী বিষয়কে আনন্দময় করার চেষ্টা করা হবে।</p> <p>৩) পরিচ্ছন্নতা অভিযানঃ প্রতিদিন সমাবেশ হওয়ার পূর্বেই বিদ্যালয়য় আঞ্জিনা , শ্রেণিকক্ষ পরিষ্কার করা । এ কাজে স্টুডেন্ট কেবনেটের দলকে দায়িত্ব প্রদান করা যেতে পারে। শিক্ষার্থীদের শ্রেণিকক্ষ ও টয়লেট ব্যবহার সম্পর্কে সচেতন করা , ময়লা ফেলার ঝুড়ি নির্দিষ্ট স্থানে থাকা ও শিক্ষকগন নিজে তা ব্যবহার করে শিক্ষার্থীকে অনুপ্রানিত করবেন। সহঃপ্রধান শিক্ষক প্রতিদিন তদারকি করবেন এবং প্রধান শিক্ষক সপ্তাহে ন্যূনতম একবার তদারকি করবেন।</p> <p>০৪) স্কাউটিংঃ স্কাউটিং এর দল গঠন যথাযথ ভাবে সম্পন্ন করে মাসের দ্বিতীয় বৃহস্পতিবার Troop Meeting করা হবে, এবং কর্মপরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়ন করার মাধ্যমে একটি সক্রিয় স্কাউটদল গড়ে তোলা হবে। শারীরিক শিক্ষার শিক্ষক এর নেতৃত্বে বাস্তবায়িত হবে।</p> <p>০৫) Debating club, Language club, ICT club সহ সাংস্কৃতিক চর্চার সুযোগ তৈরী করা হবে, প্রতি সপ্তাহের ৪র্থ বৃহস্পতিবার অনুশীলন করবে। কমিটি গঠনপূর্বক শিক্ষকগণ পরিচালনা করবে।</p> <p>০৬) ICT based education: ict ক্লাশে সপ্তাহে কমপক্ষে একদিন ব্যবহারিক ক্লাস নেয়া হবে। মাসে সুবিধা মতো সময়ে একদিন আইসিটি বিষয়ের মৌলিক বিষয় / basic নিয়ে আলোচনা , মতবিনিময়, কুইজ, মাইন্ডম্যাপিং, গেম , প্রতিযোগিতার আয়োজন করা হবে।</p>

		<p>০৭) নৈতিক শিক্ষার জন্য প্রতিদিন সমাবেশে নৈতিক বাক্য আণ্ডকরা, ভালোকাজের জন্য অনুপ্রানিত করা, পুরস্কৃত করা। শিক্ষার্থীদের সাথে সাথে শিক্ষকগণ নিজেরাও চর্চা করা। শিক্ষার্থীরা শিক্ষকদের দেখেই অনুপ্রানিত হবে। নৈতিকতায় শ্রেষ্ঠ শিক্ষককে সম্মাননা দেয়া।</p> <p>০৮) সততা স্টোর স্থাপন করে এর ব্যবহার বিধি মেনে চলা। সততা সংঘের কার্যক্রম সচল করা।</p>
০৪	উদ্ভাবনী উদ্যোগের ফলে জনগন কি সেবা পাবে বা কিভাবে উপকৃত হবেঃ	উপজেলার ৫ টি প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীরা উপকৃত হবে।
০৫	উদ্ভাবনী উদ্যোগটি বাস্তবায়নের বর্তমান অবস্থাঃ	০১/০১/২০২৪ ইং চালুর পর কোভিড-১৯ এর ফলে বন্ধ আছে।
০৬	বাস্তবায়ন কাজ সম্পাদনের তারিখ/সম্ভাব্য তারিখঃ	বছর শেষে।

### কর্মক্ষেত্রঃ

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম
০১	দোল্লাই নোয়াবপুর বালিকা উচ্চ বিদ্যালয়
০২	মহিচাইল উচ্চ বিদ্যালয়
০৩	বরকইট উদয়ন উচ্চ বিদ্যালয়
০৪	পানিপাড়া বালিকা উচ্চ বিদ্যালয়
০৫	কুটুম্বপুর উচ্চ বিদ্যালয়

### আইডিয়া প্রদানকারীঃ

মো; শাহজালাল  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
চান্দিনা, কুমিল্লা।